

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১ অধিশাখা

আদেশ

তারিখ, ৮ মাঘ ১৪২০/২১ জানুয়ারি ২০১৪

বিষয় : ২০১৩ ও ২০১৪ সালে জাতীয়করণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকের বেতন নির্ধারণ ও সরকারি বেতন স্কেল অনুসারে প্রাপ্য আর্থিক সুবিধাদি মঞ্জুরী প্রসঙ্গে।

সূত্র : ১। ৩৮.০০৭.০১৫.০০০.০১.০০.২০১১-৪৪, তারিখ : ১৭ জানুয়ারি ২০১৩

২। এস, আর, ও নং-৩১৫-আইন/২০১৩, তারিখ : ২৩ সেপ্টেম্বর ২০১৩

নং ৩৮.০০৭.০১৫.০০০.০৩.০০.২০১৩-৬৪৫—আদিষ্ট হইয়া উপর্যুক্ত বিষয়ে ১ নম্বর সূত্রমূলে জ্ঞাপিত সরকারি সিদ্ধান্ত অনুসারে ২০১৩ ও ২০১৪ সালে জাতীয়করণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২ নম্বর সূত্রমূলে প্রকাশিত অধিগ্রহণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক (চাকুরীর শর্তাদি নির্ধারণ) বিধিমালা, ২০১৩ এর বিধি ৪ এর অধীন নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণের প্রারম্ভিক বেতন নির্ধারণসহ জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুসারে প্রাপ্য বেতন ও ভাতাদি নিম্নবর্ণিত নীতির ভিত্তিতে প্রদানে সরকারের মঞ্জুরী জ্ঞাপন করিতেছি :

(ক) অধিগ্রহণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক (চাকুরীর শর্তাদি নির্ধারণ) বিধিমালা, ২০১৩ এর বিধি ৪ এর অধীন নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ নিয়োগপ্রাপ্তির তারিখ হইতে জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর অধীন নিম্নবর্ণিত গ্রেডে অন্তর্ভুক্ত হইবেন :

পদবী	যোগ্যতার ধরণ (প্রশিক্ষণপ্রাপ্ত/ প্রশিক্ষণবিহীন)	গ্রেড ও বেতনস্কেল
প্রধান শিক্ষক	প্রশিক্ষণপ্রাপ্ত	১৩শ গ্রেড: টাকা ৫৫০০-৩৪৫×৭-৭৯১৫-ইবি-৩৮০×১১-১২০৯৫
	প্রশিক্ষণবিহীন	১৪শ গ্রেড: টাকা ৫২০০-৩২০×৭-৭৪৪০-ইবি-৩৪৫×১১-১১২৩৫
সহকারী শিক্ষক	প্রশিক্ষণপ্রাপ্ত	১৫শ গ্রেড: টাকা ৪৯০০-২৯০×৭-৬৯৩০-ইবি-৩২০×১১-১০৪৫০
	প্রশিক্ষণবিহীন	১৬শ গ্রেড: টাকা ৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫

(৩৭৬১)

মূল্য : টাকা ৪.০০

- (খ) ০১ জানুয়ারি ২০১৩ তারিখে নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ প্রারম্ভিক বেতন নির্ধারণের ক্ষেত্রে বিধি অনুযায়ী নির্ধারিত কার্যকর চাকুরিকালের ভিত্তিতে প্রতি চার বৎসর কার্যকর চাকুরিকাল অথবা ইহার খন্ডাংশের জন্য একটি করিয়া ইনক্রিমেন্ট বা বাৎসরিক বেতন বৃদ্ধির সুবিধা পাইবেন। তবে এইরূপ ইনক্রিমেন্ট বা বাৎসরিক বেতন বৃদ্ধির সংখ্যা সাকুল্যে তিনটির বেশী হইবে না।
- (গ) ০১ জুলাই ২০১৩ তারিখে বা পরবর্তীতে নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণের বেতন উপরের (ক) দফায় বর্ণিত গ্রেড বা স্কেলের প্রারম্ভিক ধাপে নির্ধারিত হইবে।
- (ঘ) বেতন নির্ধারণের পর পদবী ও নিয়োগের তারিখ নির্বিশেষে শিক্ষকগণের সংশ্লিষ্ট গ্রেড বা স্কেলের ভিত্তিতে প্রাপ্য বেতন ও ভাতাদি নিম্নবর্ণিত হারে প্রদেয় হইবে :

অর্থ বছর	প্রাপ্য সুবিধা
২০১২-২০১৩	পূর্ণ বেতন, পূর্ণ চিকিৎসা ভাতা, পূর্ণ টিফিন ভাতা ও বছরে ০১ টি উৎসব ভাতা
২০১৩-২০১৪	পূর্ববর্তী অর্থবছরে প্রদত্ত সুবিধাসহ পূর্ণ শিক্ষা সহায়ক ভাতা, অবশিষ্ট ০১টি উৎসব ভাতা ও বাড়ী ভাড়া ভাতার ২০%
২০১৪-২০১৫	পূর্ববর্তী অর্থবছরের প্রদত্ত সুবিধাসহ বাড়ী ভাড়া ভাতার অবশিষ্ট ৮০%

২। ইহাতে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সম্মতি রহিয়াছে (স্মারক নম্বর-০৭.১৫৩.০১৫.০৩.০০.০০৩.২০১২-৬৩৫, তারিখ : ২৭-৯-২০১২ ইং)।

মোহাম্মদ আবুল কালাম
উপ-সচিব।